

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:২০

💵 আরবি মূল আয়াত:

فَاللَّهُا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسعٰي ﴿٢٠﴾

অতঃপর সে তা ফেলে দিল; অমনি তা সাপ হয়ে ছুটতে লাগল। — আল-বায়ান তখন সে তা নিক্ষেপ করল, অমনি তা সাপ হয়ে ছুটোছুটি করতে লাগল। — তাইসিরুল অতঃপর সে তা নিক্ষেপ করল, সাথে সাথে তা সাপ হয়ে ছুটতে লাগল। — মুজিবুর রহমান

So he threw it down, and thereupon it was a snake, moving swiftly. — Sahih International

২০. তারপর তিনি তা নিক্ষেপ করলেন, সঙ্গে সঙ্গে সেটা সাপ(১) হয়ে ছুটতে লাগল,

(১) মূসা 'আলাইহিস সালাম-এর হাতের লাঠি আল্লাহর নির্দেশে নিক্ষেপ করার পর তা সাপে পরিণত হয়। এই সাপ সম্পর্কে কুরআনুল করীমের এক জায়গায় বলা হয়েছে (كَانَّهَا جَانُ) [সূরা আন-নামলঃ ১০, সূরা আল-কাসাসঃ ৩১] আরবী অভিধানে দ্রুত নড়াচড়াকারী সরু সাপকে غَانُ বলা হয়। অন্য জায়গায় বলা হয়েছে (اهِيَ ثُعْبَانُ विला হয়। সূরা আল-আ'রাফঃ ১০৭, সূরা আশ-শু'আরাঃ ৩২] অজগর ও বৃহৎ মোটা সাপকে أَعْبَانُ বলা হয়। আলোচ্য আয়াতে عَبَّةٌ বলা হয়েছে, এটা ব্যাপক শব্দ। প্রত্যেক ছোটবড়, মোটা-সরু সাপকে خَبَّةٌ বলা হয়। সাপটির অবয়ব ও আকৃতি সম্পর্কিত বিভিন্ন শব্দ ব্যবহার করার অর্থ সম্ভবতঃ এই যে, এটি চিকন সাপের ন্যায় দ্রুতগতিসম্পন্ন ছিল বলে جَانُ বলা হত। আর আকারে বড় হওয়ায় লোকেরা দেখে ভীষণভাবে ভীত হত বলে শ্রুণীত বলা হত। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২০) অতঃপর সে তা নিক্ষেপ করল, আর সাথে সাথে তা সাপ হয়ে ছুটতে লাগল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2368



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন